গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
এআই প্রকল্পের পিআইইউ শাখা
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০৫০.৩৮.০১২.২৫-১৩৯

তারিখ: ০৪ শ্রাবণ, ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

বিষয়: **যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।**

উপর্যুক্ত বিষয়ে অত্যন্ত আনন্দের সাথে অবহিত করা যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **"তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন"** শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪ জেলায় মোট ১১,২০০ জন যুবক ও যুব নারীকে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্যাকেজ-১ (ঢাকা ও ময়মনসিংহ বিভাগের আওতাধীন ১৭টি জেলা) এবং প্যাকেজ-৩ (খুলনা ও বরিশাল বিভাগের আওতাধীন ১৬টি জেলা)-এর জন্য e-Learning & Earning Ltd., প্যাকেজ-২ (রাজশাহী ও রংপুর বিভাগের আওতাধীন ১৬টি জেলা)-এর জন্য Seo Expate Bangladesh Ltd., European IT Solution Institute ও Kaizen IT Ltd (Joint Venture) এবং প্যাকেজ-৪ (চট্টগ্রাম ও সিলেট বিভাগের আওতাধীন ১৫টি জেলা)-এর জন্য Service Engines Ltd., Dot Com Systems Ltd. ও Wizard Software Technology Bangladesh Ltd. (Joint Venture)-এর সাথে চুক্তি স্বাক্ষরকরত কার্যাদেশ প্রদান করা হয়েছে। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ জেলায় স্থাপিত তাদের নিজস্ব প্রশিক্ষণ ল্যাবের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে।

০২। আমরা আশাবাদী, শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হলে দেশে বেকার সমস্যা ও দারিদ্র্য হ্রাস পাবে, পাশাপাশি বৈদেশিক মুদ্রা অর্জিত হবে এবং এ আই বিষয়ক প্রশিক্ষক তৈরি হবে যা বিদ্যমান বৈশ্বিক অর্থনৈতিক সংকট সময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

০৩। প্রতিটি জেলায় প্রকল্প মেয়াদে ৬টি ব্যাচে এ আই বেসিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতি ব্যাচে ২৫ জন যুবক ও যুবনারী প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। প্রতি ব্যাচের প্রশিক্ষণের মেয়াদ ২মাস বা ৩০০ ঘন্টা (৫০টি ক্লাস) । প্রশিক্ষণার্থীদের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এইচএসসি বা সমমান পাশ এবং কম্পিউটার ও আইসিটি বিষয়ে ধারণাসহ ইংরেজিতে দক্ষতা থাকতে হবে। প্রশিক্ষণার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩৫ বছর। নির্বাচিত প্রশিক্ষণার্থীদের মধ্যে ন্যূনতম ৩০% যুব নারী থাকতে হবে।

০৪। আগামী ২ আগস্ট ২০২৬ তারিখ উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে একযোগে দেশের ৮টি বিভাগের ৬৪টি জেলায় এ আই বেসিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে।

০৫। প্রকল্প পরিচালক কেন্দ্রীয়ভাবে প্রতি ব্যাচের ভর্তি বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় ও যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করবেন। পরামর্শক/কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ তাদের ওয়েবসাইটে ভর্তি বিজ্ঞপ্তিসহ যাবতীয় কার্যক্রম প্রকাশ করবে। জেলার উপপরিচালকগণ বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে, উপজেলা কার্যালয়ের নোটিশ বোর্ডে, জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে ও অন্যান্য মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন। প্রার্থীগণ অনলাইনে আবেদন করবেন। অনলাইনে প্রাপ্ত যোগ্য আবেদনকারীদের তালিকা জেলার উপপরিচালকের নিকট প্রেরণ করা হবে। কেন্দ্রীয়ভাবে নির্ধারিত কমিটি কর্তৃক প্রণীত প্রশ্নপত্রের মাধ্যমে সকল জেলায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। জেলার উপপরিচালকগণ নির্ধারিত কমিটির মাধ্যমে লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে চূড়ান্ত প্রশিক্ষণার্থী বাছাই করবেন। কোনক্রমেই প্রশিক্ষণার্থীর আসন খালি রাখা যাবে না।

০৬। জেলা পর্যায়ে নিম্নোক্ত ৪ (চার) সদস্য বিশিষ্ট বাছাই কমিটির মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে।

| ক্রমিক নং | নাম ও পদবি | কমিটিতে পদের নাম |
|---|---|---|
| ১ | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| ২ | প্রতিনিধি, জেলা প্রশাসকের কার্যলয়, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৩ | প্রতিনিধি, কার্যাদেশপ্রাপ্ত আউটসোর্সিং প্রতিষ্ঠান | সদস্য |
| ৪ | সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য সচিব |

CamScanner

০৭। ইতোমধ্যে প্রশিক্ষণে ভর্তির জন্য ভর্তি বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকায় ও যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এতদ্ব্যতীত, যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন হোয়াটসঅ্যাপ গ্রুপে প্রচার করা হচ্ছে। অনলাইনে আবেদন দাখিলের নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো প্রকার আবেদন করার সুযোগ থাকবে না এবং আবেদনের লিঙ্ক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

১১। এমতাবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ৬৪ জেলা কার্যালয়ের উপপরিচালকগণকে তাঁদের জেলায় অনুষ্ঠেয় কৃত্রিম বুদ্ধিমত্তা (এ আই) বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর--------------------------------- (৬৪ জেলা)।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৫০.৩৮.০১১.২৫-১৩৯

তারিখ: ০৪ শ্রাবণ, ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্ম সচিব (যুব অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্ম সচিব (পরিকল্পনা-০১ শাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক/প্রকল্প পরিচালক, ........................ (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ........................... (সংশ্লিষ্ট) জেলা।
০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। চিফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১০। উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা--------------------(সকল উপজেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।
১১। জনাব-----------------------------ব্যবস্থাপনা পরিচালক/সিইও---------------------------------।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১৩। অফিস কপি।

(মোঃ আতিকুর রহমান)
প্রকল্প পরিচালক
"তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
ফোন: ০২-২২৩৩৪২২০৫
ই-মেইল: pd.ai@dyd.gov.bd